Transport for NSW

# সড়ক নিরাপত্তা



## স্কুলে যাতায়াতের সময় আপনার সন্তানকে নিরাপদ রাখা

স্কুল দিনের শুরু ও শেষে আপনার সন্তান এবং অন্যদের নিরাপত্তা নিশ্চিত করতে কয়েকটি পরামর্শ দেওয়া হলো:

- নিশ্চিত করুন যে আপনার সন্তান একটি চাইল্ড কার সিটে বাঁধা (সিটবেল্ট পরানো) আছে যা তাদের বয়স এবং আকারের জন্য উপযুক্ত। কার সিটটিও সঠিকভাবে লাগানো উচিত।
- স্কুল এলাকায় ৪০ কিমি/ঘন্টা গতি সীমা মেনে চলুন এবং আশেপাশে থাকা শিশুদের প্রতি সতর্ক থাকুন।
- বাসের আলো জ্বলছে (ফ্ল্যাশ করছে) কিনা লক্ষ্য করুন। এগুলো নির্দেশ করে যে বাসটি শিশুদের উঠা-নামা করাচ্ছে অথবা তারা রাস্তা  পারাপারের প্রস্তুতি নিচ্ছে। বাসের আলো জ্বলে থাকলে আপনাকে অবশ্যই ৪০কিমি/ঘন্টা সর্বোচ্চ গতি সীমাবদ্ধ রাখতে হবে, যদি না আরও কম গতির সীমা প্রযোজ্য হয়।
- পথচারীদের সর্বদা পথ দিন, বিশেষ করে ড্রাইভওয়েতে প্রবেশ করার এবং বের হওয়ার সময়।
- ধীরে চালান এবং স্কুলের আশেপাশের যেকোনো ক্রসিং-এ থামার জন্য প্রস্তুত থাকুন। একটি সুপারভাইজ করা ক্রসিং-এ, স্কুল ক্রসিং সুপারভাইজারের নির্দেশাবলী অনুসরণ করুন।
- সর্বদা পার্ক করুন এবং স্কুলের নিকটে বাঁক নিতে আইন মেনে চলুন। স্কুল ড্রপ-অফ (নামানো) এবং পিক-আপের (উঠানো) ব্যস্ত সময়ে ইউ-টার্ন এবং তিন-পয়েন্ট টার্ন নেওয়া বিপজ্জনক হতে পারে।
- আপনার সন্তানকে স্কুলের রাস্তার পাশে নামিয়ে দিন এবং উঠিয়ে নিন। রাস্তার ওপার থেকে তাদেরকে ডাকা বিপজ্জনক – তারা রাস্তার অন্য ট্রাফিক খেয়াল না করেই আপনার কাছে ছুটে যেতে পারে।
- আপনার সন্তানকে সর্বদা 'সেফটি ডোর'-এর মাধ্যমে গাড়ির ভেতরে ও বাইরে যেতে সাহায্য করুন। 'সেফটি ডোর' হল গাড়ির পিছনের কার্ব সাইডের ডোর। এটি রাস্তার ট্রাফিক থেকে দূরে থাকে এবং আপনার সন্তানের জন্য সবচেয়ে নিরাপদ।

সড়কে শিশুদের নিরাপদ রাখার বিষয়ে আরও তথ্যের জন্য এর পরিবার বিভাগের **safetytown.com.au**- যান

স্টক কোড 45095130 জুন ২০২৪ © Transport for NSW

NSW GOVERNMENT

NSW এর রাস্তায় বহু প্রাণ হারিয়েছে।
**আমাদের লক্ষ্য শূন্য প্রাণহানি।**

TOWARDS ZERO